

আজকের পাঠ

সামাজিক

ও রাজনৈতিক জীবন

(তৃতীয় ভাগ)

১) দেশের স্বার্থে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও রূপায়নের চেষ্টা কে করেন?

✓ সরকার

২) ভারত সরকারের অন্যতম বিভাগগুলো কি কি?

✓ সুপ্রিম কোর্ট, ভারতীয় রেলওয়ে এবং ভারত পেট্রোলিয়াম।

৩) সরকার কয়টি স্তরে বিভক্ত ও কি কি?

✓ তিনটি স্তরে। ১) আঞ্চলিক ও স্থানীয় স্তর ২) প্রাদেশিক ও রাজ্যস্তর এবং ৩) জাতীয় স্তর।

৪) স্থানীয় সরকারের উদাহরণ কি?

✓ গ্রামাঞ্চলে গ্রাম পঞ্চায়েত এবং নগরে পৌরসভা ও পৌরনিগমা

৫) প্রাদেশিক ও রাজ্যস্তরের সরকার বলতে কি বোঝায়?

✓ রাজ্যকে পরিচালনা করার জন্য যে সরকার গঠিত হয়।
যেমন ত্রিপুরা সরকার, আসাম সরকার।

৬) সমগ্র দেশের পরিচালনা করতে যে সরকার গঠিত হয় তা
কি নামে পরিচিত?

✓ জাতীয় সরকার।

৭) সরকারের দুইটি রূপের নাম উল্লেখ করো?

✓ গণতান্ত্রিক সরকার ও রাজতন্ত্র

৮) কোন সরকারী ব্যবস্থায় সাধারণ জনগন ভোটের মাধ্যমে
প্রতিনিধি নির্বাচন করে?

✓ গণতান্ত্রিক সরকারী ব্যবস্থায়।

৯) রাজতান্ত্রিক সরকারি ব্যবস্থায় প্রয়োজনীয় সিদ্ধান্ত কে গ্রহন
করেন?

✓ রাজা বা রানি

১০) গণতন্ত্রের মূল বৈশিষ্ট্য কি?

✓ জনগণের হাতে তাদের প্রতিনিধি নেতা নির্বাচনের
ক্ষমতা।

১১) গণতন্ত্র কথার অর্থ কি?

✓ জনগণের শাসন।

১২) প্রতিনিধিত্বমূলক গণতন্ত্র কি?

✓ যে গণতান্ত্রিক সরকারী ব্যবস্থায় জনগন সরাসরি সরকারের কাজে অংশগ্রহণ না করে ভোটের মাধ্যমে পছন্দের লোককে প্রতিনিধি হিসাবে নির্বাচন করে সে প্রতিনিধির মাধ্যমে প্রয়োজনীয় কাজ সম্পাদন করে।

১৩) প্রতিনিধিত্বমূলক সরকারের একটি উদাহরণ দাও?

✓ ভারত সরকার

১৪) সর্বজনীন ভোটাধিকার কি?

✓ সর্বজনীন ভোটাধিকার হলো জাতি – ধর্ম ও বর্ণ নির্বিশেষে ১৮ বছর ও তার উপরে প্রাপ্তবয়স্ক নাগরিকদের ভোটদানের অধিকার।

১৫) গণতান্ত্রিক ভারতবর্ষে কত বৎসর বয়সের লোকদের ভোটদানের অধিকার রয়েছে?

✓ ১৮ বছর ও তার উপরের লোকদের

১৬) গান্ধীজি তার কোন পত্রিকায় সর্বজনীন ভোটাধিকারের দাবি করেন?

✓ ইয়ং ইন্ডিয়া (১৯৩১)

১৭) গণতান্ত্রিক সরকারী ব্যবস্থায় সরকার কত বছরের জন্য নির্বাচিত হয়?

✓ পাঁচ বছরের জন্য

১৮) কোন সরকারী ব্যবস্থায় জনগন সরকারের জনবিরোধীমূলক সিদ্ধান্তের বিরোধিতা করতে পারে?

✓ গণতান্ত্রিক সরকারী ব্যবস্থায়

১৯) গণতান্ত্রিক ব্যবস্থাপনায় জনগন কিভাবে তার মতামত সরকারের নিকট তুলে ধরতে পারে?

✓ ধর্না, মিছিল, মিটিং সই সংগ্রহ ও বিভিন্ন যোগাযোগের মাধ্যম (রেডিও, টেলিভিশন) মাধ্যমে

২০) কারা সরকারের নীতি কে বাস্তবায়িত করে?

✓ সরকারী আমলারা (শাসন বিভাগের অ – রাজনৈতিক অংশ)

সমাপ্ত

ধন্যবাদ

